

চার দফা নীতিমালা মেনে চলুন : ছাত্র সমাজের প্রতি আহ্বান

# শিক্ষার্থন রণক্ষেত্র নয় : এরশাদ

প্রেসিডেন্ট এরশাদ বুধবার দুপুরে  
আস্থাপনা প্রকাশ করেছেন যে, একটি  
সুখী ও সমৃদ্ধ মাতৃভূমি গড়ে  
তুলতে ছাত্র সমাজ জাতির আশা  
আকাঙ্ক্ষা পূরণ করবে। তিনি বলে  
ছেন, দেশের স্বার্থ সম্মুখীন রাখার  
ক্ষেত্রে ছাত্রদের গৌরবময় ঐতিহ্য  
রয়েছে।

বাসস জানায় : তিনি বলেন,  
জনগণ আশা করেন, ছাত্র সমাজ  
জাতীয় জীবনের সকল ক্ষেত্রে ভবি-  
ষ্যৎ নেতৃত্ব গহণের যোগ্য হিসাবে  
নিজেদের গড়ে তুলবে।

প্রেসিডেন্ট এরশাদ লেকচার ইন-  
স্ট্রাক্টিউশন অব ইঞ্জিনিয়ার্স প্রাঙ্গণে  
জাতীয় ছাত্র সমাজের মহাসম্মেলনে  
ভাষণ দিচ্ছিলেন। উপপ্রধানমন্ত্রী  
ও জাতীয় পার্টির সেক্রেটারী  
জেনারেল অধ্যাপক এম এ মতিন,  
উপ-প্রধানমন্ত্রী ও জাতীয় পার্টির

প্রেসিডিয়াম সদস্য কাজী জাফর  
আহমদ, শিক্ষা উপমন্ত্রী জিয়া-  
উদ্দিন আহমদ ও জাতীয় ছাত্র সমা-  
জের আহ্বায়ক রফিকুল হক  
হাফিজ এতে বক্তৃতা করেন।

প্রেসিডেন্ট বলেন : শিক্ষা  
দেশকে সমৃদ্ধির পথে নিয়ে যাও-  
য়ার প্রধান বাহন। সরকার শিক্ষা  
খাতকে অগ্রাধিকার দেন। এজন্যই  
এই খাতে বরাদ্দ বাড়ানো হয়েছে।  
তিনি বলেন : ছাত্ররা সবসময়ই  
দেশের ডাকে সাড়া দিচ্ছে। তারা  
শিক্ষা সম্প্রসারণে সরকারী প্রচে-

ষ্ঠায় যোগ দিতে এগিয়ে আসবে।  
তিনি জাতীয় ছাত্র সমাজ সদস্যদের  
প্রতি নিরঙ্করতা দৃষ্টি করার অভি-  
যানে অগণনী ভূমিকা পালনের  
আহ্বান জানান।

প্রেসিডেন্ট বলেন : কোন কোন  
মহল শিক্ষার শান্তিপূর্ণ পরিবেশ  
নষ্ট করার চেষ্টা চালাচ্ছে। এটা  
জাতির মেরুদণ্ড ভেঙ্গে দেয়া এবং  
দেশকে দারিদ্রের দিকে ও দক্ষ  
জনশক্তির অভাবের দিকে ঠেলে  
দেয়ার শামিল।

তিনি বলেন, কাম্পাস রণক্ষেত্র

হতে পারে না, কলম বন্দুক নয়,  
পেন্সিল ডায়াগন নয়, আর স্ট্রাস  
বাদ নয় সিলেবাস। জ্ঞানচর্চার  
সুষ্ঠু পরিবেশের জন্য কাম্পাসের  
পবিত্রতা রক্ষা করতে হবে।

প্রেসিডেন্ট জাতীয় ছাত্র সমাজের  
প্রতি সাধারণ ছাত্রদের সঙ্গে নিয়ে  
শিক্ষার্থন অপবিত্র করার বিরুদ্ধে  
প্রতিরোধ গড়ে তোলার আহ্বান  
জানান।

তিনি ছাত্র সমাজের সদস্যদের  
তাদের চার দফা নীতিমালা মেনে  
(৫-এর পরে দ্রঃ)



বুধবার ইঞ্জিনিয়ার্স ইনস্ট্রাক্টিউশনে জাতীয় ছাত্র সমাজের মহাসম্মেলনে প্রেসিডেন্ট এরশাদ  
—দৈনিক বাংলা

## এরশাদ

(প্রথম পৃঃ পর)

চলার আহ্বান জানান। এই নীতি  
মালা হচ্ছে : শিক্ষার সুষ্ঠু পরি-  
বেশ বজায় রাখা, ছাত্র-শিক্ষক  
সম্পর্ক গড়ে তোলা, ছাত্রদের  
রাজনীতিমুক্ত রাখা ও জাতীয়  
উন্নয়ন প্রক্রিয়ার সঙ্গে ছাত্রদের  
সম্পৃক্ত করা।

প্রেসিডেন্ট বলেন : চার দফা  
নীতিমালা বাস্তবায়নের জন্য  
১৯৪৩ সালের ২৪শে মার্চ জাতীয়  
ছাত্র সমাজের জন্ম হয়। শিক্ষার  
সুষ্ঠু পরিবেশ গড়ে তোলার বাণী  
নিয়ে এই সংগঠন দেশের সর্বত্র  
ছড়িয়ে পড়েছে।

তিনি বলেন : এ দেশের ছাত্ররা  
ভাষা ও স্বাধীনতার জন্য রক্ত  
দিচ্ছে। আজ তাদের ওপর  
দেশকে নেতিবাচক রাজনীতিমুক্ত  
অবস্থায় সমৃদ্ধির পথে নিয়ে যাও-  
য়ার দায়িত্ব পড়েছে।

প্রেসিডেন্ট বলেন : শিক্ষা  
জীবন শেষে ছাত্ররা রাজনীতিসহ  
যে কোন পেশায় যেতে পারে।  
কিন্তু শিক্ষাজীবনের জন্য ক্ষতিকর  
কাজে অংশ নিলে যে ক্ষতি হয় তা  
আর পুষিয়ে নেয়া যায় না।

এ প্রসঙ্গে তিনি শিক্ষার প্রসারে  
সরকারের বিভিন্ন পদক্ষেপের  
উল্লেখ করেন।

সভায় শ্লেগানের মাধ্যমে প্রেসি-  
ডেন্টের ভাষণকে স্বাগত জানানো  
হয়।

**অধ্যাপক মতিন**  
উপপ্রধানমন্ত্রী অধ্যাপক মতিন  
অনুষ্ঠানে বলেন : জাতীয় স্বাধী-  
নতা সংগ্রামের বিভিন্ন পর্যায়ে  
ছাত্রসমাজ প্রশংসনীয় অবদান  
বেছেছে। এখন তাদের সামনে  
রয়েছে জাতি গঠনের দায়িত্ব।

**কাজী জাফর**  
অনুষ্ঠানে উপপ্রধানমন্ত্রী কাজী  
জাফর আহমদ বলেন : ছাত্ররা সমা-  
জের সচেতন অংশ, যে কোন মহ-  
লের অশুভ তৎপরতা প্রতিহত করে  
তারা শিক্ষাক্ষেত্রে অবদান রাখবে।

**জিয়াউদ্দিন আহমদ**  
সভায় শিক্ষা উপমন্ত্রী জিয়া  
উদ্দিন আহমদ বলেন : আজকের  
বিশাল সমাবেশ প্রমাণ করে ছাত্ররা  
শিক্ষাসনকে অশ্রুত ঝনঝনানি ও  
বিশ্বখ্যল্যামস্ত রাখতে চায়।

**ছাত্র প্রতিনিধিদের সঙ্গে**  
সারা দেশের বিভিন্ন শিক্ষা  
প্রতিষ্ঠান থেকে জাতীয় ছাত্র সমা-  
জের প্রতিনিধিরা বুধবার সিএম  
এলএ সচিবালয়ে প্রেসিডেন্ট এর-  
শাদের সঙ্গে দেখা করেন।

তিনি প্রেসিডেন্টকে নিজ নিজ  
শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার সুষ্ঠু  
পরিবেশ বজায় রাখার ব্যাপারে  
সামান্য চেষ্টা করার আশ্বাস দেন।  
নকায় বিশাল বর্ণচ্ছা সমা-  
বেশের আয়োজন রুহাম প্রেসিডেন্ট  
জামেদর ধনবান্ড জানান।

শিক্ষা উপমন্ত্রী জিয়াউদ্দিন  
আহমদ এ সময় উপস্থিত ছিলেন।